"ছেলে হোক, মেয়ে হোক, দু'টি
সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
প্রোগ্রাম ম্যানেজার (এমআইএস)
www.dgfp.gov.bd

**স্মারক নম্বর:** ৫৯.১১.০০০০.০০০.৪০৩.০৭.০০০৪.২২.৫৫

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩
২১ জুলাই ২০২৬

**বিষয়: HRIS Software এ জনবলের তথ্য হালনাগাদকরণ প্রসংগে।**

সূত্র: ৫৯.০০.০০০০.১১০.৯৯.০২০.২১.৩৫৮/১(১৩), তারিখ-০৮.০৭.২০২৬খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ১৬.০৬.২০২৬ খ্রি. তারিখে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সাথে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস সম্পর্কিত সভার সিদ্ধান্ত 'ক' **'পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল জনবলের চাকুরি সম্পর্কিত সকল তথ্য (যোগদান হতে হালনাগাদ পদায়ন পর্যন্ত) অতি দ্রুত অধিদপ্তরের HRIS-এ এন্ট্রি সম্পন্ন করতে হবে। তবে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক বদলি/পদায়ন ও পদোন্নতি সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে ৯ম গ্রেড থেকে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের তথ্যাদি অগ্রাধিকার ভিত্তিতে দ্রুততম সময়ে এন্ট্রি সম্পন্ন করতে হবে' (সভার কার্যবিবরণী সংযুক্ত)।**

এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্ত মোতাবেক HRIS Software-এ অধিদপ্তরাধীন সকল জনবলের তথ্য আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে এন্ট্রি/হালনাগাদ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী ১ (এক) ফর্দ।

২১-০৭-২০২৬
সাবিনা পারভীন
পরিচালক (এমআইএস)
ফোন : ৫৫০১২৩৫২
ইমেইল : dirmis@dgfp.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২। পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল বিভাগ)।
৩। পরিচালক, বিশেষায়িত হাসপাতাল (সকল), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৪। অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড ষ্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
৫। উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,----------- জেলা।
৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার(এমসিএইচ-এফপি), উপজেলা,.........জেলা।

**স্মারক নম্বর:** ৫৯.১১.০০০০.০০০.৪০৩.০৭.০০০৪.২২.৫৫/১ (৪)

তারিখ: ৬ শ্রাবণ ১৪৩৩
২১ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (প্রশাসন), প্রশাসন ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।
৪। পরিচালক (এমআইএস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

২১-০৭-২০২৬
জিন্নাত আরা
উপপরিচালক/প্রোগ্রাম ম্যানেজার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
পার-২ শাখা
www.mefwd.gov.bd

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস Management Information Systems (MIS) সিস্টেমটি মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত করার লক্ষ্যে ১৬.০৬.২০২৬খ্রি.তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | এস এম আহসানুল আজিজ, অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| **সভার তারিখ ও সময়** | : | ১৬ জুন ২০২৬ খ্রি: সকাল ১১:০০ ঘটিকা |
| **স্থান** | : | মন্ত্রণালয়ে মিনি সভা কক্ষ, ভবন নং- ০৩, ৪র্থ তলা, কক্‌ষ নং- ৩৩৮ |
| **উপস্থিতি** | : | পরিশিষ্ট 'ক' |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি পরিবার পরিকল্পনা অধিদপ্তরে বর্তমান চলমান এমআইএস (MIS) সম্পর্কে অবহিত করতে অধিদপ্তরের এমআইএস ইউনিটের উপপরিচালককে অনুরোধ জানান।

**২. আলোচনা:**

২.১ সভাপতির আহবানের পরিপ্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিটের উপ-পরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তরের চলমান MIS এর Service Statistics (SS), FPD HIS-2, e-MIS ও HRIS সম্পর্কে বিস্তারিত তথ্যাদি সম্বলিত উপস্থাপনা প্রদান করেন। তিনি জানান যে, বর্তমানে পরিবার পরিকল্পনা অধিদপ্তরে MIS এর আওতায় Service Statistics (SS), FPDHIS-2, e-MIS ও HRIS চলমান রয়েছে। এরমধ্যে HRIS সফটওয়্যারে ৬০টি জেলার জনবলের প্রাথমিক তথ্য অন্তর্ভুক্তির কাজ চলমান রয়েছে। গত ৯ জুন, ২০২৬ তারিখে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল ইউনিটকে HRIS সফটওয়্যারে তথ্য এন্ট্রি করার অভ্যন্তরীণ প্রশিক্ষণ দেয়া হয়েছে। অবশিষ্ট জেলাসমূহে শীঘ্রই তথ্য এন্ট্রির কাজ শুরু হবে। নবম থেকে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের পূর্ণাঙ্গ তথ্য অগ্রাধিকার ভিত্তিতে Long PDS আকারে প্রকাশে তাদের তথ্য এন্ট্রি/হালনাগাদকরণে পরামর্শ প্রদান করা হবে।

২.২ আলোচনায় অংশ নিয়ে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের যুগ্মসচিব (পারসোনেল) বলেন, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ থেকে বিভিন্ন সময়ে অধিদপ্তরের কর্মকর্তাদের বদলী, পদায়ন ও পদোন্নতি সংক্রান্ত তথ্য দ্রুততম সময়ের মধ্যে জানার প্রয়োজন হয়। তদ্‌প্রেক্ষিতে, দ্রুততম সময়ে তথ্য প্রাপ্তির প্রয়োজনে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের HRIS-এ এবিভাগের কর্মকর্তাদের এক্সেস অত্যাবশ্যক।

২.৩ FPDHIS-2 ও e-MIS কার্যক্রম মনিটরিং এর জন্য সিস্টেমে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক মনোনীত কর্মকর্তাদের এক্সেসের জন্য তাদের নাম ও পদবী সরবরাহ করা হলে অধিদপ্তরের HRIS-এ তাদের এক্সেস দেয়া সম্ভব মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

২.৪ মানবসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনার গুরুত্ব উল্লেখ করে সভাপতি পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সংশ্লিষ্ট কর্মকর্তাদের বদলি/পদায়ন ও পদোন্নতি প্রদানের জন্য কর্মকর্তাদের ব্যক্তিগত তথ্যাদির পাশাপাশি চাকরি সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি সম্বলিত HRIS এর সাথে কারিগরিভাবে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের Access নিশ্চিত করা অত্যন্ত প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। তিনি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল ধরনের চাকরি সম্পর্কিত সকল তথ্যাদি (যোগদান হতে হালনাগাদ পদায়ন) HRIS-এ দ্রুততম সময়ের মধ্যে অন্তর্ভুক্তকরণের উপর জোর দেন। তবে এ বিভাগ কর্তৃক কর্মকর্তাদের বদলি/পদায়ন ও পদোন্নতি কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ৯ম গ্রেড থেকে তদুর্ধ্বে গ্রেডের কর্মকর্তার চাকরি সম্পর্কিত তথ্যাদি অগ্রাধিকারভিত্তিতে দ্রুত এন্ট্রি করার পরামর্শ দেন।

**(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)**

২.৫ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের HRIS-এ Access প্রদান করার জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পক্ষ হতে কর্মকর্তা মনোনয়ন করা প্রয়োজন এবং এ বিভাগের প্রশাসন অনুবিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের HRIS ব্যবহার বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন মর্মে সভায় একমত পোষণ করা হয়।

**০.৩ সিদ্ধান্ত:**

**সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:**

(ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের সকল জনবলের চাকুরি সম্পর্কিত সকল তথ্য (যোগদান হতে হালনাগাদ পদায়ন পর্যন্ত) অতি দ্রুত অধিদপ্তরের HRIS-এ এন্ট্রি সম্পন্ন করতে হবে। তবে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক বদলি/পদায়ন ও পদোন্নতি সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে ৯ম গ্রেড থেকে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের তথ্যাদি অগ্রাধিকার ভিত্তিতে দ্রুততম সময়ে এন্ট্রি সম্পন্ন করতে হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

(খ) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের HRIS-এ Access প্রদানের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদেরকে মনোনয়ন প্রদানপূর্বক তাদেরকে উক্ত সিস্টেম ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করতে হবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এ বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।

০.৪ সভায় আর কোনো আলোচনা না থাকায় সবাইকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
তারিখ: ০৭.০৭.২০২৬খ্রি
এস এম আহসানুল আজিজ
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১১০.৯৯.০২০.২১.৩৫৮/১(১৩)

তারিখ: ২৪ আষাঢ় ১৪৩৩ / ০৮ জুলাই ২০২৬

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
৩। পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
৪। উপসচিব (পার-২) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৫। উপপরিচালক, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
৬। জিন্নাত পারভীন, ডিডি/পিএম, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৮। সহকারী প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
৯। সহকারী প্রোগ্রামার, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
১০। জনাব আব্দুল মজিদ, কনসালটেন্ট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা
১১। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২। অতিরিক্ত সচিব (প্রশাসন), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
১৩। অফিস কপি।

৮/৭/২৬
(দুর-রে-শাহ্‌ওয়াজ)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৭১০
Per2@mefwd.gov.bd